ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর-২৪

তারিখ: অগ্রহায়ণ ০৯, ১৪৩৩ / নভেম্বর ২৪, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

বীমা কোম্পানির বীমা ব্যবসা কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নন-লাইফ অনুবিভাগ, রেটিং শাখার ০৯ নভেম্বর ২০২৬ তারিখের স্মারক নং-৫৩.০৩.০০০০.০০০.০৫৮.৯৯.০০০৪.২৬.১২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযোজন করা হলো।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(নাসিমা সুলতানা)
পরিচালক (এফইপিডি-১)
ফোন: ৯৫৩০১২৩

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
রেটিং শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd



স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০০.০৫৮.৯৯.০০০৪.২৬.১১ তারিখ: ০৯ নভেম্বর ২০২৬

বিষয়: বীমা কোম্পানির বীমা ব্যবসা কার্যক্রম স্থগিতকরণ অবহিত করা প্রসঙ্গে।

সূত্র: (১) IDRA এর স্মারক নং ৫৩.০৩.০০০০.০০০.০৫৮.৯৯.০০০৪.২৬.১১, তারিখ: ০৫ নভেম্বর ২০২৬;
(২) IDRA এর স্মারক নং ৫৩.০৩.০০০০.০০০.০৫৮.৯৯.০০০৪.২৬.১০, তারিখ: ০৫ নভেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা আইন ২০১০ এর ৬০ ধারা এবং কর্তৃপক্ষের জারিকৃত সার্কুলার নং-নন-লাইফ ৮৩/২০২১ লঙ্ঘনের দায়ে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স পিএলসি ও বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি পিএলসি নামের ২ (দুই)টি নন-লাইফ বীমা কোম্পানির মেরিন (কার্গো) উপশ্রেণির বীমা ব্যবসা কার্যক্রম ০৫ নভেম্বর ২০২৬ তারিখ থেকে ০৩ (তিন) মাসের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক স্থগিত করা হয়েছে (কপি সংযুক্ত)।

২. বর্ণিতাবস্থায়, উপরে উল্লিখিত নন-লাইফ বীমা কোম্পানিদ্বয়ের মেরিন (কার্গো) উপশ্রেণির বীমা ব্যবসা কার্যক্রম স্থগিতের বিষয়টি বাংলাদেশে কার্যরত সকল ব্যাংককে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০২ ফর্দ)।

০৯/১১/২৬

মো: মিজানুর রহমান
পরিচালক (রেটিং, অডিট ও জরিপ)
ফোন: ৪১০৫১৩৮৪
ই-মেইল: mijan15883@gmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা;
৩. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা বা/এ, ঢাকা;
৪. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা বা/এ, ঢাকা;
৫. অফিস কপি।